

সোহাগপুর সরকারি এস.কে.পাইলট মডেল উচ্চ বিদ্যালয়

স্থাপিত-১৯১৩ইং

ডাকঘর:সোহাগপুর উপজেলা:বেলকুচি,সিরাজগঞ্জ।


ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি:

শিক্ষাবর্ষ-২০১৯

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বেলকুচি উপজেলা সদরে অবস্থিত ঐতিহ্যবাহী সোহাগপুর সরকারি এস.কে.পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে ২০১৯ সালে ৬ষ্ঠ শ্রেণিতে শূন্য আসনের বিপরীতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে বিদ্যালয়ের নির্দিষ্ট ভর্তি ফরমের মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক	বিদ্যালয়ের নাম	শ্রেণি	আসন সংখ্যা	ফরম বিতরণ ও জমাদানের তারিখ	ফলাফল প্রকাশের তারিখ
০১	সোহাগপুর সরকারি এস.কে.পাইলট মডেল উচ্চ বিদ্যালয়	৬ষ্ঠ	২৪০	০৬/১২/২০১৮ খ্রি: হতে ১৩/১২/২০১৮খ্রি:পর্যন্ত	২২/১২/২০১৮ শনিবার

- ভর্তি ফরম সংগ্রহের নিয়ম : নগদ ১৭০ (একশত সত্তর) টাকা জমা দিয়ে ভর্তি ফরম ও ভর্তি সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়ে প্রতিষ্ঠান থেকে সকল কার্যদিবসে সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত তারিখে সংগ্রহ করে জমা দেয়া যাবে।
- ভর্তি পরীক্ষার তারিখ ও স্থান : ১৯/১২/২০১৮ খ্রিঃ,রোজ বুধবার,সকাল-১০টা থেকে ১২টা পর্যন্ত সময়ে অত্র প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে।
- ভর্তি পরীক্ষার বিষয় ও মানবন্টন : বাংলা-৩০,ইংরেজি-৩০,গণিত-৪০,মোট=১০০
- আবেদনপত্রের সাথে জন্ম নিবন্ধনের ফটোকপি এবং ২ কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।।
- বিধি মোতাবেক কোটা সংরক্ষিত হবে।
- ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে ও বিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।


মোঃ ওলিউজ্জামান
সভাপতি

উপজেলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি কমিটি ও
উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি,সিরাজগঞ্জ।